Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই মাঘ বুধবার ১৩৬২ ইংরাজী 25th Jan. 1956 | ৩৫শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)




**নূতন বীমায় কার্য্যে**

*বিপুল সাফল্য*

১৯৫৪ সালে

**৩০ কোটি টাকার উপর**

জাতীয় প্রতিষ্ঠানরূপেই হিন্দুস্থানের প্রতিষ্ঠা এবং গত ৪৮ বৎসর ধরিয়া জাতীয় প্রতিষ্ঠানরূপেই ইহা গড়িয়া উঠিয়াছে। আজ উচ্চ হইতে উচ্চতর স্থানে অধিষ্ঠিত হইয়া ইহা নূতন গৌরব অর্জন করিয়াছে এবং দেশ ও দশের সেবায় কর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। এই সাফল্যের মূলে রহিয়াছে ত্রিবিধ নিরাপত্তার ভিত্তি:

★ সুষ্ঠু ও সুচিন্তিত পরিচালনা ;
★ জনসাধারণের অবিচলিত আস্থা ;
★ লগ্নী ব্যাপারের নিরাপত্তা

বোনাস { আজীবন বীমায় ১৭৷০
মেয়াদী বীমায় ১৫৲

প্রতি বৎসর প্রতি হাজার টাকার বীমায়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

*হিন্দুস্থান বিল্ডিংস্*

৪, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১১ই মাঘ বুধবার সন ১৩৬২ সাল।

# বাঙ্গলা ও বিহারের সীমা নির্দ্ধারণে ন্যাকামি

—•—

সীমা নির্দ্ধারণ কমিশন, অন্যান্য প্রদেশের সীমা নির্দ্ধারণে সাক্ষ্য প্রমাণ যাহা ইচ্ছা লইতে পারেন, বা তজ্জন্য সময় ক্ষেপণ করিতে পারেন তাহাতে কিছু কেহ বলিতে পারে না। কিন্তু বাঙ্গলা ও বিহারের সীমা নির্দ্ধারণ এক দিন বা দু' দিনের কাজ। সরকারী সেরেস্তা দেখিলেই সহজে জানা যায় যে ১৯১২ খৃষ্টাব্দে ইংরাজের তদানীন্তন মহাশত্রু বাঙ্গালীকে জব্দ করিবার জন্য বাঙ্গলার কোন কোন স্থান বিহারকে দিয়া গিয়াছে। সেইগুলি বাঙ্গলার সামিল করিবার সুপারিশ কমিশন করিলে তাহা ন্যায়তঃ ও ধর্ম্মতঃ কোন ত্রুটি হইত না। স্বাধীনতা লাভের সময়, কে কি ত্যাগ করিয়াছেন, ইহার হিসাব করিতে গেলে একজন নিরেট বোকা মানুষও বলিবে যে বাঙ্গলার দুই তৃতীয়াংশ স্থানের হিন্দু অধিবাসিগণ তাহাদের সর্ব্বস্ব ত্যাগ করিয়া পশ্চিম বাঙ্গলা নামক বাঙ্গলার এক তৃতীয়াংশে উদ্বাস্তু নামক সম্মানের নাম গ্রহণ করিয়া কত দুঃখে কষ্টে দিনপাত করিতেছে। বাঙ্গলা যদি তাহার হৃত অংশ ফিরিয়া পায় তবে যে কোন রকমে উদ্বাস্তুদের স্থান দিতে পারে। দয়াময় কংগ্রেস সরকার তাহার করুণার পরীক্ষা দিবার জন্য খুনী, চোর, ডাকাতের নির্ব্বাসনের স্থান আণ্ডামানে তাহাদের পাঠাইবার ব্যবস্থা করিতেও একটু লজ্জা বোধ করে নাই।

বহু টাকা খরচা করিয়া কমিশন নিয়োগ করা হইল। কমিশনের সভাপতি করা হইল একজন বিহারী মুসলমানকে ; লোকে যদি বলে ইনি তাঁহার স্টেটপ্রদেশ বিহারের টান টানিয়া রায় দিবেন এই জন্য এবং তদ্দ্বারা রাষ্ট্রপতির মনস্তুষ্টি করার জন্যও ইঁহাকে নিযুক্ত করা হইয়াছে, তবে তাহাকে দোষ দেওয়া যায় কি ? কেন ইনি ছাড়া কি সভাপতি হওয়ার অন্য কেহ সারা ভারতে মিলে নাই। আচ্ছা, না হয়, ভুলই হইল একটা। হীরা-ফজর আলি সংবাদ যাহা খবরের কাগজে কমিশনকে কলঙ্কিত করিয়া প্রকাশিত হইয়াছিল, তখনই এই কমিশনের সুপারিশ নাকচ করিলেই হইত, তা না করিয়া কংগ্রেসের চার (৪) প্রধান এই কমিশনের খুঁতো সুপারিশকে চূণকাম করিবার জন্য উঠিয়া পড়িয়া লাগিয়া যে বিচার করিলেন তাহাতে বোম্বাই প্রদেশে কংগ্রেসের অহিংস ক্রিয়া পূর্ণ উদ্যমে ফলবতী হইতে চলিয়াছে। প্রধান মন্ত্রী জহরলালজী বিনা যুদ্ধে, বিনা বিবাদে সুখে রাজত্ব করিবার জন্য সারা বিশ্বে যে শান্তির বীজ ছড়াইয়া সকল রাজ্যের প্রধানদের সঙ্গে মিতালী ও কুটুম্বিতা সুরু করিয়া দিয়া এই মিতালী রাখিবার জন্য কাঁড়ি কাঁড়ি টাকা উড়াইতেছেন, তাঁহার শান্তির বহর তাঁহার নিজের শাসিত দেশের বন্দুক বাজি দেখিয়া সকলে হাসিবে ইহা কত বড় লজ্জার কথা! যাহারা গুলি খাইয়া মরিল তাহারা না হয় দু' দিন পরে মরিত, না হয় দু' দিন আগে মরিল।

উড়িষ্যার মত নিরীহ দেশবাসী ৪ প্রধানের বিচারে কি মূর্ত্তি ধারণ করিয়াছে তাহা দেখিলে মনে হয় ৪ প্রধান মড়ার দেহেও ক্রোধ ও শক্তির সঞ্চার করিতে সমর্থ হইয়াছে। রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদের দেশ বিহারও মারমূর্ত্তি ধরিয়া সম্মানী বাঙ্গালীদের "এথি" করিতে পশ্চাৎপদ হয় নাই। প্রদেশে ১৪৪ ধারা জারী করাইতে বাধ্য করিয়াছে।

যখন কংগ্রেসী ৪ প্রধানের অবিচারে অন্যান্য স্থানে নানা অশান্তি চলিতেছে তখন পশ্চিম বাঙ্গলা কি করিতেছে—

## *পশ্চিমবঙ্গে অপূর্ব্ব সর্ব্বাত্মক হরতাল*

—•—

২১শে জানুয়ারী বাঙ্গালী-জীবনে ১৯০৫ এর ৭ই আগষ্টের মত স্মরণীয় থাকিবে। ১৯০৫ সনের ৭ই আগষ্ট বঙ্গভূমির সন্তানেরা যে ইতিহাসের সূচনা করিয়াছিল, অর্ধশতাব্দী পরে তাহা পূর্ণাঙ্গ হইতে চলিয়াছে। সেদিনকার জাতীয়তাবোধ উদ্দীপিত হইয়াছিল মাতৃভূমি ও মাতৃভাষার বেদনাময় কাহিনী লইয়া। সেই গঙ্গোত্রীধারায় ব্রিটিশ ঐরাবত ভাসিয়া গিয়াছে। সে যুগে বাঙ্গালীরা একক সংগ্রাম সুরু করে। ক্রমশঃ মারাঠীরা আসিয়া কাঁধে কাঁধ মিলাইয়াছিল। বিংশ শতাব্দীর মাঝখানে দাঁড়াইয়া বঙ্গভাষাভাষীরা দেখিতেছে, কালচক্রের নূতন আবর্তনে মারাঠী এবং উড়িয়া ভ্রাতৃবৃন্দ তাহাদের সমব্রতী সমব্যথী। ১৯০৫ সালে ভারতেতিহাসের যুগপরিবর্তন সুরু হইয়াছিল। ১৯৫৬ সনে নূতন যুগের আলোড়ন সুরু হইয়াছে। পঞ্চাশ বৎসর পূর্ব্বে বাঙ্গালী তথা ভারতবাসী রাজনৈতিক স্বাধীনতা আদায়ের ব্রত গ্রহণ করিয়াছিল। ভারতবাসীরা এখন স্বাধীন। কিন্তু অর্থনৈতিক বিচারে, অধিকার যাচাই কষ্টিপাথরে যাচাই করিলে বুঝা যায়, ছত্রিশ কোটি মানুষের প্রায় সকলেই পায়ে পরাধীনতার জিঞ্জির পরিয়া ঘুরিতেছে। ১৯৫৬ সনের জানুয়ারী মাসে সেই পরাধীনতার মরণ-ধ্বনি শ্রুত হইতেছে কিনা, ভবিষ্যৎই তাহার বিচার করিবে।

২১শে জানুয়ারী সর্ব্বাত্মক হরতাল কলিকাতা মহানগরীতে যে ভাবে সাফল্যমণ্ডিত হইয়াছে, বিগত দশ বিশ বৎসরের মধ্যে তাহার তুলনা খুঁজিয়া পাওয়া যাইবে না। ভারতের বৃহত্তম নগরী কলিকাতায় কয়েক লক্ষ অবাঙ্গালী বাস করেন। তাঁহারা কেহ হরতালের বিরোধিতা করেন নাই। হরতালের সমর্থকেরা কোথাও কোন জুলুম বা বাদ-প্রতিবাদের আশ্রয় গ্রহণ করেন নাই। কোন পুলিশী হাঙ্গামা হয় নাই। সাধারণ সময়ে যত পুলিশ রাস্তায় দেখা যায়, ২১শে জানুয়ারী তাহার তুলনায় নগণ্য সংখ্যক পাহারাদার দেখা গিয়াছে।

কলিকাতার বাহিরে দু' একটি অবাঞ্ছিত ঘটনা ঘটিয়াছে উহা বিক্ষিপ্ত ও সাধারণ হাঙ্গামা বলিলেই হয়। তা ছাড়া পশ্চিমবঙ্গের সমস্ত স্থানেই শান্তি, ধৈর্য্য, সংযম ও শৃঙ্খলার সহিত ২১শে জানুয়ারীর হরতাল পালিত হইয়াছে।

এই সংযম ভয়ের জন্য নহে। ইহা অবিচারী খামখেয়ালী স্বাধিকার প্রমত্ত শাসকের মনে ধারণা

জন্মাইবে—বৃটিশ আমলের বাঙ্গালী ৫০ বৎসর পূর্ব্বে যেমন ছিল, মাতৃভূমি ও মাতৃভাষার জন্য বাঙ্গালী দিল্লীর মসনদ কাঁপাইয়া তোলার শক্তি রাখে। তাহারা যে সংকল্প পাঠ করিয়াছে তাহা পূর্ণ করিতে প্রাণ পণ করিবে।

### সংকল্প বাক্য

"এই মহতী জনসভায় সম্মিলিত বাঙ্গলার নরনারী আমরা শপথ গ্রহণ করিতেছি যে, যতদিন না ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন ব্যাপারে বাঙ্গলার প্রতি ভারত গবর্ণমেণ্ট যে অবিচার করিয়াছেন ও বাঙ্গলা গবর্ণমেণ্ট যে বিশ্বাস ভঙ্গ করিয়াছেন তাহার প্রতিকার হইতেছে এবং যতদিন না বঙ্গভাষাভাষী অঞ্চলগুলি বাঙ্গলার সহিত যুক্ত করা সম্ভব হইতেছে ততদিন আমরা বাঙ্গলার প্রতিটি নরনারী আমাদের সর্বশক্তি নিয়োগ করিয়া দল ও মতের উর্দ্ধে থাকিয়া পূর্ণ একতার সহিত সংগ্রাম করিব।"

---

## ধুমপানে দণ্ড

রঘুনাথগঞ্জ 'স্বপন টকিজে' শো চলাকালীন ধুমপান করার অপরাধে (১) ডোমন মুচি, (২) খুরসেদ সেখ, (৩) কেরামত আলি, (৪) গুরুপদ দাসকে ফৌজদারী সোপরদ্দ করা হয়। জঙ্গিপুরের মহকুমাশাসক মহোদয় প্রত্যেক আসামীকে ২০৲ কুড়ি টাকা হিসাবে অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

## বৈদ্যুতিক আলোর খুঁটি

গত ২৬শে পৌষ তারিখের "জঙ্গিপুর সংবাদে" রঘুনাথগঞ্জ আদালত কাছারীর রাস্তায় বৈদ্যুতিক আলোর খুঁটি বসান হইতেছে না বলিয়া বিভাগীয় ইঞ্জিনিয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছিল। আমরা আনন্দের সহিত জানাইতেছি যে ইঞ্জিনিয়ার মহোদয় ঐ রাস্তায় ও মহারাজা রাও যোগীন্দ্রনারায়ণ রোডের কতকাংশে খুঁটি বসাইবার নির্দ্দেশ দেওয়ায় খুঁটি বসান হইয়াছে।

---

## ফার্মাসিষ্টগণের জ্ঞাতব্য

পশ্চিমবঙ্গ ফার্মাসিষ্ট এসোসিয়েশনের সদস্যবৃন্দকে অনুরোধ করা যাইতেছে যে, পশ্চিমবঙ্গ ষ্টেট মেডিকেল ফ্যাকালটির সেক্রেটারী ২৮।১১।৫৫ তারিখে ইস্তাহার দ্বারা জানাইয়াছেন নন্-রেজিষ্টার্ড কম্পাউণ্ডারদিগের জন্য যে স্পেশাল একজামিনেসন হইবে তজ্জন্য অফিসিয়েল দরখাস্ত ফরম উক্ত ষ্টেট মেডিকেল ফ্যাকালটির সেক্রেটারী, ৮নং লায়ন্স রেঞ্জ কলিকাতা—১, অফিসে পাওয়া যাইবে। কালবিলম্ব না করিয়া তাঁহারা যেন দরখাস্ত করেন এবং ফরম পূরণ করিয়া ১৫ই ফেব্রুয়ারী ১৯৫৬ সালের মধ্যে উক্ত অফিসে দাখিল করিতে হইবে। উক্ত তারিখের পর আর কোন দরখাস্ত লওয়া হইবে না। স্পেশাল একজামিনেসন আগামী জুন মাসে হইবে তজ্জন্য যে সব সভ্য রিফ্রেশার কোস বা কোচিং ক্লাসে (পশ্চিম বঙ্গ সরকারের সিলেবাস অনুযায়ী) কোচিং লইতে চান তাহাদিগের জন্য কাকিনাড়ায় স্পেশাল কোচিং ক্লাস (৬ মাস কোর্স) খোলা হইয়াছে এবং এই জানুয়ারী মাস হইতে ক্লাস আরম্ভ হইবে। গরীবদিগের ফ্রি কোচিং এর ব্যবস্থা হইয়াছে। এ সম্বন্ধে অন্যান্য তথ্য জানিতে হইলে শ্রীসুরেন্দ্রনাথ সরকার, সাধারণ সম্পাদক পশ্চিমবঙ্গ ফার্মাসিষ্ট এসোসিয়েশন পোঃ কাকিনাড়া, জেলা ২৪-পরগণা। স্ব স্ব নাম ঠিকানা যুক্ত খামসহ অবিলম্বে পত্রালাপ করিতে অনুরোধ করা যাইতেছে।

---

## শিক্ষাব্রতীর পরলোকগমন

বহরমপুরের বিশিষ্ট শিক্ষাব্রতী বঙ্কিমচন্দ্র রায় মহাশয় গত ১৬ই জানুয়ারী নিজ বাসভবনে পরলোকগমন করিয়াছেন। তিনি এই জেলার বিভিন্ন উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদে অধিষ্ঠিত থাকিয়া বিশেষ সুনাম অর্জ্জন করিয়াছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬০ বৎসর হইয়াছিল।

---

## নোংরা জল

রঘুনাথগঞ্জ সহরের অনেকগুলি রাস্তায় পার্শ্ববর্ত্তী বাড়ীর নোংরা জল পতিত হওয়ায় পথচারিগণের অসুবিধা ও প্রতিবেশিগণের স্বাস্থ্যহানি হইতেছে। আমরা কয়েকটি স্থানের উল্লেখ করিলাম। ৪নং ও ৫নং ওয়ার্ডের সংযোগ স্থলে শ্রীকেনারাম চন্দ্র ও শ্রীতারাপদ সেন মহাশয়ের বাড়ীর দক্ষিণের রাস্তা, ভবানী ঔষধালয়ের সম্মুখে সদর রাস্তা, কালিকা ফার্ম্মেসীর দক্ষিণে, গলি রাস্তা, শ্রীদেবেন্দ্রচন্দ্র রায় মহাশয়ের বাড়ীর উত্তরে গলি রাস্তা, ফাঁসীতলায় আদালত কাছারী যাইবার রাস্তা, বালিঘাটায় চণ্ডীমণ্ডপের নিকটস্থ রাস্তা, শ্রীপঙ্কজকুমার সরকার ও শ্রীমণীন্দ্রগোপাল সরকার মহাশয়ের বাড়ীর সম্মুখস্থ রাস্তা, ৫নং ওয়ার্ডে স্বপন টকিজে যাওয়ার রাস্তা।

তা ছাড়া কতকগুলি বাড়ীর ছোট ছেলেমেয়েরা রাস্তার ধারে ড্রেনে বসিয়া মলত্যাগ করে। তাদের বাপমায়েরা ইহা দোষের বলিয়া মনে করেন না। মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের এই সব অনাচার দূরীকরণের জন্য বিহিত ব্যবস্থা করা বিশেষ প্রয়োজন।

---

## দিল্লীর ফতোয়া


শ্রী সু-মো-দে

পর্ব্বত করিল শেষে মূষিক প্রসব,
শকুনির অক্ষচালে হারিল পাণ্ডব।
'অনুগ্রহে' অনুগ্রহ করি মন্ত্রীদল,
অহিন্দীভাষীর দাবী দিল রসাতল।
যেটুকু বা দিয়াছিল ত্রয়ী কমিশন,
হিন্দীভাষী কুচক্রান্তে হারালো এখন।
নেতাদের নীতিবাক্য ছেঁদোকথা ঠিক,
ভিখারী বিদায় করে দিয়ে মুঠি ভিখ্।
বাঙলা দেশেতে হয় প্রবাসী বাঙালী,
নেতারা দিয়াছে রায়—নববঙ্গে তালি।
বাঙালীরে নাহি সয় অবাঙালী নেতা,
নেতাজী প্রমাণ তার জানে নাই কে তা?
বাঙালীর মাতৃভূমি কৌশলে হরণ,
দিল্লীর ফতোয়া তথা বাঙালী দমন।

---

## বিপজ্জনক প্রাচীর

রঘুনাথগঞ্জ চাউলপটি হইতে বাজারে যাওয়ার গলি রাস্তার পাশে ১০২নং হোল্ডিংএ চূণের গুদামের প্রাচীরে ভীষণ ফাট ধরিয়াছে। যে কোন সময়ে পড়িতে পারে। এই বিষয়ে মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন"  টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## হরতাল

গত ২১শে জানুয়ারী শনিবার জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জে সুষ্ঠুভাবে হরতাল প্রতিপালিত হইয়াছে। ঐ দিন সহরের সমস্ত দোকান বন্ধ ছিল। সন্ধ্যায় কারমাইকেল রোডে উদীয়মান মোক্তার শ্রীসুধীরকুমার মুখোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে এক জনসভা অনুষ্ঠিত হয়। তিনি তাঁহার সারগর্ভ ভাষণে উপস্থিত জনগণকে সভা ও হরতালের উদ্দেশ্য বুঝাইয়া দেন।

## বিজ্ঞপ্তি

রঘুনাথগঞ্জস্থ ম্যাকেঞ্জি পার্কের দক্ষিণ দিকে অবস্থিত জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়ের সাড়ে সাত বিঘা পরিমিত খেলার মাঠটি বিক্রয় করা হইবে। যাঁহারা উহা ক্রয় করিতে ইচ্ছুক তাঁহারা সত্বর উক্ত বিদ্যালয়ের সম্পাদক শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়ের সহিত যোগাযোগ স্থাপন করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্‌ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা।

হ্যানিম্যান হল
থাগড়া, মুর্শিদাবাদ।

### দূরের মানুষ কাছে হয়
### ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই ফেব্রুয়ারী ১৯৫৬

১৯৫৪ সালের ডিক্রীজারী

৬৪৬ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দাবি ১৬।০/৯ থানা স্তুতী মৌজে হাজিপুর ৬৩ শতকের কাত ১/১১ পাই নিজাংশে ৵০ আঃ ৫০৲ থং ২৪৮

১২৮ থাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং শ্রীমন্ত মণ্ডল দিং দাবি ১১৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ৯৭ শতকের কাত নিজাংশে ১/৫ আঃ ১৫৲ থং ৩৫৩

১৩০ থাং ডিঃ ঐ দেং মুসলিম সেখ দাবি ৩০৮/৬ মৌজাদি ঐ ২৩ শতকের কাত নিজাংশে ।০ আঃ ২৮৲ থং ৪৮৪

২৮ স্বত্ব ডিঃ এষ্টেট অব ওয়েষ্ট বেঙ্গল দেং পাগল মাঝি দিং দাবি ১৬৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলরী ২৪, ২১ ও ২-১৪ শতকের কাত ১৵৬, ১৵০ ও ১১৮৵৩ আঃ ২০৲, ২০৲ ও ২৫০৲ থং ২৯৪, ২৯৫ ও ২৯৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

২৪৯ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং জগবন্ধু পাল দিং দাবি ২৭৮/৩পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে ধল ৩৮ শতকের কাত ২৲ আঃ ২৮৲ থং ৭০

৩০১ থাং ডিঃ ঐ দেং জাদেবান বিবি দিং দাবি ১২৯৵৩ পাই থানা ঐ মৌজে কাঞ্চনপুর ও ভূমিহর ৩-৬২ শতকের কাত ১৪৮৵৫ আঃ ৩৫০৲ থং কাঞ্চনপুর ১৩৮, ভূমিহর ৩০৬

৩০০ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং গোবিন্দলাল দাস দিং দাবি ২৩।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতসুন্দর ৬৭ শতকের কাত ২৵৪ পাই আঃ ৫১৲ থং ১২০ রায়ত স্থিতিবান স্বত্ব

৩০৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৩৵৬ পাই থানা ঐ মৌজে জালালপুর ৬ শতকের কাত ।/১০ পাই আঃ ৬৲ থং ১৭৬ অধীনস্থ থং সহ ঐ স্বত্ব

৩০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০॥৵৬ থানা ঐ মৌজে সাহাজাদপুর ১৫ শতকের কাত ।৪ পাই আঃ ১০৲ থং ২২২ ঐ স্বত্ব

৩০৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৮/৩ পাই মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ॥৵৮ পাই আঃ ৬০৲ থং ২২২ ঐ স্বত্ব

৩১০ থাং ডিঃ ঐ দেং সৌদামিনী দাসী দিং দাবি ৩৫।৯ মৌজাদি ঐ ৯৫ শতকের কাত ৫॥৵/২ পাই আঃ ৭৫৲ থং ১৪৭ ঐ স্বত্ব

১৫৭ থাং ডিঃ ঐ দেং হবিবুর রহমান মিঞা দাবি ৩০৵০ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ২৵৯ পাই আঃ ৩০৲ থং ২৩৯ ঐ স্বত্ব

৩১১ থাং ডিঃ ঐ দেং সেরামন নেশা বিবি দিং দাবি ৩৯।৵০ থানা ঐ মৌজে নওদাটুলি ৯১ শতকের কাত ৫৵/২ পাই আঃ ৭৩৲ থং ৮ ঐ স্বত্ব

৩২২ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ সিংহ দিং দাবি ৮২॥৯ থানা ঐ মৌজে জালালপুর ও হুদরাপুর ৪-১২ শতকের কাত ১২৵০ আঃ ৩০০৲ থং ১২৯, ১০০ ঐ স্বত্ব

৩২৩ থাং ডিঃ ঐ দেং নন্দরাণী দাসী দাবি ১৮৮৵৯ থানা ঐ মৌজে খোদরামপুর ৪০ শতকের কাত ১।/৫ পাই আঃ ৩০৲ থং ৩৮ ঐ স্বত্ব

৩২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫।৵৬ পাই মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ১৵৮ পাই আঃ ৩৬৲ থং ১২৮ ঐ স্বত্ব

৩১২ থাং ডিঃ শিশিরকুমার মুখোপাধ্যায় দেং হরিহর ঘোষাল দিং দাবি ১২৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১৮ শতকের কাত ৮০ আঃ ১২৲ থং ৭২৩

২৭৪ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং দেবী ঘোষ দিং দাবি ৫২৵০ থানা স্তুতী মৌজে নজিরপুর ৭-৯৭ শতকের কাত ১৩॥৵২ আঃ ৬০০৲ থং ১১৩

২৯৪ থাং ডিঃ অনিলকুমার সাহা দেং ধীরেন্দ্রনাথ সরকার দিং দাবি ১৫/০ থানা স্তুতী মৌজে রাতুরী ১০ শতকের কাত ৮৬।০ আঃ ১২৲ থং ৫৮৪

২৬৮ খাঃ ডিঃ আশুতোষ সরকার দিং দেং পুষ্পবতী দাসী দিং দাবি ২৯।৩ পাই থানা স্থতী মৌজে হাজিপুর ১-২৭ শতকের কাত ৩/০ আঃ ১০০৲ খং ১৭০

২৬৯ খাঃ ডিঃ ঐ দেং নির্ম্মলচন্দ্র দাস দিং দাবি ৫০॥/০ থানা ঐ মৌজে বামুহা ৩-৫৩ শতকের কাত ৬৸১ আঃ ২৫০৲ খং ২৪৩

৩১৫ খাঃ ডিঃ শচীন্দ্রকুমার সিংহ দিং দেং হাজি মহাম্মদ আবদুল্লা সেখ দাবি ৭৭৸৩ থানা স্থতী মৌজে বংশবাটী ৪-২২ শতকের কাত ২৯।০ আঃ ৩০০৲

১৭ স্বত্ব ডিঃ জোবান সেখ দেং জেলেখা বিবি দাবি ৫৬॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দেউলী ২-৫৯ শতকের কাত ১২৲ আঃ ৬০৲ খং ৭৫

২৩ স্বত্ব ডিঃ এষ্টেট অব ওয়েষ্ট বেঙ্গল দেং ফরজুন সেথ দিং দাবি ৩১॥/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রমাকান্তপুর ১০, ১৪ শতকের কাত ॥/২ আঃ ২৫৲ খং ১৫৮, ৭৫৮

১২৮ খাঃ ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৩৮৸৵০ থানা স্থতী মৌজে হিলোড়া ১-৭৯ শতকের কাত ১৩।০ আঃ ২০০৲ খং ২৬২৩ রায়ত স্থিতিবান

১২৯ খাঃ ডিঃ ঐ দেং ফুরকান বিবি দিং দাবি ১০৩॥/৩ মৌজাদি ঐ ৩০৭ শতকের কাত ১৪/৬ আঃ ১৭৫৲ খং ২৭৭০ রায়ত মোকররী স্বত্ব

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত র্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জ বা কু সু ম তৈ লে র গু ণ অ তু ল নী য়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ,
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত ( দা' ঠাকুর )